

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩০২১

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً) পরিচছেদঃ যে ব্যক্তি মৃত ব্যক্তিকে মাটি দিতে চায়, তার প্রতি নির্দেশ হলো বেজোড় সংখ্যায় মাটি দেওয়া ذَكْرُ الْأَمْرِ لِمَنْ جَمَّرَ الْمَيّتَ أَنْ يُجَمِّرَه وتراً

আরবী

2021 ـ أَخْبَرَنَا عِمْرَانُ بْنُ مُوسَى بْنِ مُجَاشِعٍ حَدَّثَنَا محمد بن عبيد الله بْنِ حِسَابٍ قَالَ: حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ عَنْ أَيُّوبَ عَنِ ابْنِ سِيرِينَ عَنْ أُمِّ عَطِيَّة قَالَتْ: دَخَلَ عَلَيْنَا وَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَنَحْنُ نَغْسِلُ ابْنَتَهُ فَقَالَ: (اغْسِلْنَها ثَلَاثًا أَوْ خَمْسًا أَوْ أَكْثَرَ مِنْ ذَلِكَ ـ إِنْ رأيتنَّ ذَلِكَ ـ بماءٍ وسدرٍ وَاجْعَلْنَ فِي الْآخِرَةِ كَافُورًا ـ أَوْ شَيْئًا مِنْ كَافُورٍ ـ فَإِذَا فَرَغْتُنَّ فَآذِنَّنِي قَالَتْ: فَلَمَّا فَرَغْنَا آذَنَّاهُ قَالَتْ: فَأَلْقَى إِلَيْنَا حِقْوَهُ وَقَالَ: (أشعِرْنَها إِيَّاهُ)

قَالَ: وَقَالَتْ حَفْصَةُ عَنْ أُمِّ عَطِيَّةَ: اغْسِلْنَهَا مَرَّتَيْنِ أَوْ ثَلَاثًا أَوْ خَمْسًا أَوْ سَبْعًا قَالَتْ أُمُّ عَطِيَّةً: ومشَّطتُها ثَلَاثَةَ قُرُونٍ وَكَانَ فِيهِ أَنَّهُ قَالَ: (ابْدَأْنَ بِمَيَامِنِهَا وَمَوَاضِعِ الْوُضُوءِ) الراوي : أُمِّ عَطِيَّةَ المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3021 | خلاصة حكم المحدث: صحيح _ ((الأحكام)) (65) , ((الإرواء)) (1/ 164/119): ق.

قَالَ أَبُو حَاتِمٍ: الْأَمْرُ بِغُسْلِ الْمَيِّتِ فَرْضٌ وَالشَّرْطُ الَّذِي قُرِنَ بِهِ هُوَ الْعَدَدُ الْمَذْكُورُ فِي الْخَبَرِ قُصِدَ بِتَعْيِينِهِ النَّدْبُ لَا الْحَتْمُ.

বাংলা

৩০২১. উম্মু আতিয়্যাহ রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, "আমরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের মেয়েকে গোসল দিচ্ছিলাম, এমন সময় রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের কাছে আসেন, অতঃপর তিনি বলেন, "তোমরা তাকে তিনবার অথবা পাঁচবার অথবা তোমরা মনে করলে তার চেয়ে



বেশিবার তাকে ধৌত করাবে। তাকে গোসল করাবে পানি ও বরই পাতা দিয়ে। আর শেষবারে কর্পুর দিবে অথবা (রাবীর সন্দেহ তিনি বলেছেন) কর্পুরের কিছু অংশ। অতঃপর যখন তোমরা গোসল সম্পন্ন করবে, তখন তোমরা আমাকে অবহিত করবে।"

উম্মু আতিয়্যাহ রাদ্বিয়াল্লাহু আনহা বলেন, "অতঃপর যখন আমরা গোসল শেষ করলাম, তখন আমরা তাঁকে অবহিত করি। তখন তিনি আমাদেরকে তাঁর তহবন্দ প্রদান করে বলেন, "তোমরা এটাকে তার শরীরে জড়িয়ে দাও।"

অধঃস্তন একজন রাবী হাফসা রাদ্বিয়াল্লাহু আনহার মাধ্যমে উম্মু আতিয়্যাহ রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণনা করেছেন, সেখানে বলা হয়েছে, বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "তোমরা তাকে দুইবার অথবা তিনবার অথবা পাঁচবার অথবা সাতবার ধৌত করাবে।"

উম্মু আতিয়্যাহ রাদ্বিয়াল্লাহু আনহা বলেন, "আমরা তার চুলগুলো আঁচড়িয়ে তিনটি বেণী করে দেই।"

এই হাদীসে এটাও উল্লেখ রয়েছে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "তোমরা ডান দিক ও ওযূর অঙ্গসমূহ প্রথমে ধৌত করবে।"

আবৃ হাতিম ইবনু হিবানে রহিমাহুল্লাহ বলেন, "মৃত ব্যক্তিকে গোসল করার নির্দেশটি ফরয নির্দেশক। আর হাদীসে যে নির্দিষ্ট সংখ্যায় গোসল করার কথা বলা হয়েছে, সেটা মুস্তাহাব; ফরয নয়।" [1]

ফুটনোট

[1] আবূ দাউদ: ৩১৪৬; সহীহুল বুখারী: ১২৫৮; সহীহ মুসলিম: ৯৩৯; নাসাঈ: ৪/৩১; সুনান বাইহাকী: ৩/৩৮৯; তাবারানী: ২৫/৯০; মুয়াত্তা ইমাম মালিক: ১/২২২; বাগাবী: ১৪৭২; ইবনুল জারুদ: ৫১৮; ইবনু মাজাহ: ১৪৫৯; তিরমিযী: ৯৯০।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আহকামুল জানাইয: ১৬৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ উম্মু আতিয়্যাহ (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন